

॥ বিশেষ বিজ্ঞপ্তি ॥

এতদ্বারা করিমপুর পান্নাদেবী কলেজের পাট থ্রি, ২০২০-র অনার্স ও জেনারেল কোর্সের সমস্ত পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে তাদের অনার্স ও জেনারেলের যে পত্রগুলি আছে তার ওপর প্রতি পত্রে পূর্ণমানের কুড়ি শতাংশের ওপর আভ্যন্তরীণ মূল্যায়ন হবে। এই প্রশ্নপত্রগুলি কলেজের ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে। উত্তর করার জন্য নিম্নলিখিত পদ্ধতিগুলি অবলম্বন করতে হবে:

১। কলেজ ওয়েবসাইট থেকে নিজেদের সংশ্লিষ্ট বিষয়ের প্রশ্নপত্রগুলি ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

২। এ প্রিন্ট করা প্রশ্নপত্রের ওপরেই উত্তর লিখতে হবে অথবা প্রশ্নকর্তা যেভাবে নির্দেশ দিয়েছেন সেভাবে উত্তর করতে হবে।

৩। উত্তর লেখার পর সেই উত্তরপত্র স্ক্যান করে বা ছবি তুলে, সেই প্রশ্নপত্রে প্রশ্নকর্তার যে ই-মেল আইডি দেওয়া আছে (বিভিন্ন পত্রের জন্য ভিন্ন ভিন্ন ই-মেল আইডি থাকতে পারে), সেই ই-মেলে উত্তরপত্রটি পাঠিয়ে দিতে হবে। প্রশ্নপত্রে উল্লেখিত ই-মেল আইডি ছাড়া অন্য কোনো ই-মেল এ পাঠালে উত্তরপত্রটি বাতিল বলে গণ্য করা হবে। অতএব তোমাদের নিজ নিজ বিষয়ের বিভিন্ন উত্তরপত্রগুলি ই-মেল করার সময় প্রশ্নপত্রে উল্লেখ করা ই-মেল আইডি টি খুব ভালো করে দেখে নেবে।

৪। প্রতিটি উত্তরপত্রে যেন অবশ্যই পরীক্ষার্থীর নাম এবং রেজিস্ট্রেশন নম্বরের উল্লেখ থাকে, নয়তো সেই পত্রের প্রাপ্ত নম্বর বিশ্ববিদ্যালয়ে জমা দেওয়া যাবে না।

৫। সবকটি উত্তরপত্র ই-মেল করার সর্বশেষ সময় হলো ১৪/০৭/২০২০ (মঙ্গলবার) বিকেল সাড়ে চারটে। এর পরে কোনো উত্তরপত্র পাঠালে সেটি আর গ্রহণ করা হবে না।

উপরোক্ত নির্দেশাবলী মেনে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের যথাযথ ভাবে নিজেদের কাজ পালন করতে বলা হচ্ছে, এর ব্যতিক্রম হলে যদি কোনো পরীক্ষার্থী কোনোরকম সমস্যায় পড়ে তবে তার জন্য সংশ্লিষ্ট পরীক্ষক বা কলেজ কর্তৃপক্ষ কোনোরকম দায়িত্ব নেবেন না।



আদেশানুসারে,

১২/৭/২০২০

ভারপ্রাপ্ত অধ্যক্ষ

Teacher-In-Charge
Karimpur Pannadevi College
P.O. Karimpur, Dist. Nadia

করিমপুর পান্নাদেবী কলেজ, মদীয়া।।